

বঙ্গবাজার

তথ্যেই অগ্রগতি



মার্কেটাইল ব্যাংক পিএলসি.

আতলিয়া শাখা, সাভার, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেটাইল ব্যাংক পিএলসি, আতলিয়া শাখা, সাভার, ঢাকা এন.বি নিউ ভায়ার স্বত্ত্বাধিকারী মোঃ জয়নাল আবেদীন, পিতা- আবুল হোসেন, মাতা- জুলেখা খাতুন, ঠিকানা: গ্রাম: ডেভাবর, পলাশ বাড়ী, ডাকঘর: সাভার ক্যান্ট-১৩৪৪, সাভার, ঢাকা, স্থায়ী ঠিকানা: গ্রাম: ডেভাবর, পলাশ বাড়ী, ডাকঘর: সাভার ক্যান্ট-১৩৪৪, সাভার, ঢাকা এর নিকট ৩১/০৩/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ২৬,৭১,৫৯০.০০ (ছাব্বিশ লক্ষ একাত্তর হাজার পাঁচশত নব্বই টাকা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে জনাব মোঃ জয়নাল আবেদীন, পিতা আবুল হোসেন, মাতা- জুলেখা খাতুন, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোজারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলাম বিক্রয়ের লক্ষ্যে অগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী :

১. অগ্রহী দরদাতাপনকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৬.০৫.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অঙ্কে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি বিক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরদাতাদার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/কারখানের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
২. প্রত্যেক দরদাতাকে উক্ত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উক্ত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেটাইল ব্যাংক আতলিয়া শাখা, সাভার, ঢাকা -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।
৪. উপরোক্ত অনুচ্ছেদ -৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেটাইল ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।
৫. মার্কেটাইল ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।
৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিল পত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

জেলা- গাজীপুর, থানা- গাজীপুর, সাব-রেজিস্ট্রি অফিস- গাজীপুর, মৌজা- শিবরামপুর, তোজি নং- ১১৩১ জে.এল. নং-সাবেক-৫২৪, খতিয়ান নং-: সাবেক-১, এস.এ-০৩, আর এস-১৮, ডিপি-১৯ দাগ নং- সাবেক এবং এস.এ ১৫, আর এস-২৩ জমির পরিমাণ: ৩.০০ (তিন) শতাংশ। যাহার চৌহদ্দি: উত্তরে- সামসুদ্দিন, দক্ষিণে- সাহিদা বেগম, পূর্বে-মোজাফফর, পশ্চিমে- জালাল।

পক্ষে ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান,
মার্কেটাইল ব্যাংক পিএলসি, আতলিয়া শাখা, সাভার, ঢাকা।
ফোন নং-০১৭১১-৫৩৫৬৪৮।